

বিসমিল্লাহির রহমানির রহিম

আসসালামুআলাইকুম ওয়াহাম্মাতুল্লাহি ওয়াবারাকাতুহু।
বিসমিল্লাহির রহমানির রহিম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে “কোন কাজ করার পূর্বে বিসমিল্লাহির রহমানির রহিম পাঠ করা”।

❖ পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:

قَالَتْ يَا أَيُّهَا الْمَلَأُ إِنِّي أُلْقِيَ إِلَيَّ كِتَابٌ كَرِيمٌ ﴿٢٩﴾

সেই নারী বলিল, হে পরিষদবর্গ! আমাকে এক সম্মানিত পত্র দেওয়া হইয়াছে। সূরা আন নামল ২৭ঃ ২৯

إِنَّهُ مِنْ سُلَيْمَانَ وَإِنَّهُ بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ﴿٣٠﴾

ইহা সুলায়মানের নিকট হইতে এবং ইহা এই দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে। সূরা আন নামল ২৭ঃ ৩০

❖ কোন কাজের শুরুতে বিসমিল্লাহির রহমানির রহিম পাঠ করা সংক্রান্ত কতিপয় হাদীস:

- ১। খাওয়ার শুরুতে। বোখারী: ৭/৮৮, মুসলিম: ২/২০৭, আহমদ: ১৭/৯২
- ২। পানি পান করার সময়। তিরমিজি: ১২/১৯৭
- ৩। ওযু ও গোসল করার পূর্বে। নাসাঈ: ১/১১
- ৪। নিজের স্ত্রীর সাথে সঙ্গমের পূর্বে। বোখারী: ৭/৯৪, মুসলিম: ২/১০৫৮
- ৫। বাড়িতে প্রবেশের সময়। মুসলিম: ২/২০৬
- ৬। বাড়ি থেকে বের হওয়ার সময়। তিরমিজি: ২/৪৯৩

- ৭। পশু জবেহের সময়। বোখারী: ৭/১৩৩, মুসলিম: ২/১৮১, আবু দাউদ: ৩/২৩০, নাসাঈ: ৭/২৩১, তিরমিজি: ৫/৭৬, ইবনে মাজাহ: ২১২০
- ৮। আল্লাহর উদ্দেশ্যে যুদ্ধ করার সময়। মুসলিম: ২/৬৯
- ৯। বাথরুমে (পেশাব, পায়খানার জন্য) প্রবেশের মুহূর্তে। আবু দাউদ: ৪/২৬৪, আহমদ: ২/৩৮৯
- ১০। বিসমিল্লাহ পাঠ করলে শয়তান অপদস্থ হয়। নাসাঈ: ৬/১৪২, আহমদ: ৫/৫৯, আবু দাউদ: ৪৯৪৬
- ১১। মৃত ব্যক্তির লাশ কবরে নামানোর সময়। আহমদ: ৮/৫৮
- ১২। বিসমিল্লাহ বলার সওয়াব। মুসলিম: ২/২৮০
- ১৩। চিঠির শুরুতে। বোখারী: ৭/১৯১, মুসলিম: ২/৯১, তিরমিজি: ৭/৫০০

❖ আবু সুফিয়ান বলেন, চিঠির ভাষা ছিল নিম্নরূপ:

পরম করুণাময় দয়ালু আল্লাহর নামে (এই চিঠি) মুহাম্মদ, আল্লাহর দাস এবং তাঁর রাসূলের পক্ষ থেকে বাইজেন্টাইনের শাসক হেরাক্লিয়াসের নিকট প্রেরিত হোলা। যে সত্য পথ অবলম্বন করে তার উপর আল্লাহর পক্ষ থেকে শান্তি বর্ষিত হোক। অতঃপর আমি আপনাকে ইসলাম গ্রহণের দাওয়াত দিচ্ছি। আপনি ইসলাম গ্রহণ করলে আপনি নিরাপদ। এবং আল্লাহ আপনাকে দ্বিগুণ পুরস্কার দিবেন। যদি আপনি ইসলাম গ্রহণে অস্বীকার করেন, তবে আপনি নিজ প্রজাদের ভুলপথে পরিচালনার জন্য গুনাহগার হবেন।

রাসূল সা: বলেন, যখন বিসমিল্লাহ পাঠ করা হয় তখন শয়তান সংকুচিত হতে থাকে এবং সংকুচিত হতে হতে একটা মাছির পরিমাণ হয়ে যায়। আবু দাউদ: ৪৯৪৩

কাজের শুরুতে বিসমিল্লাহ বলা ভুলে গেলে, এবং যখনই ভুল মনে পড়বে, সাথে সাথে নিম্নের দোয়াটি পড়তে হবে:

بِسْمِ اللَّهِ أَوْلَهُ وَآخِرَهُ

আল্লাহর নামে শুরু ও আল্লাহর নামে শেষ।

বিসমিল্লাহ পাঠ করার সাওয়াব-

উসমান বিন আবু আলআস্ আসসাকাফি বলেন: রাসূল সা: এর নিকট নিজ শরীরের ব্যথার ব্যাপারে অভিযোগ করেছিলেন যে ইসলাম গ্রহণের সময় তার শরীরে ব্যথা অনুভূত হয়েছিল। অতঃপর রাসূল সা: বললেন: শরীরের যেখানে তোমার ব্যথা অনুভব হয় সেখানে তুমি তোমার হাত রেখে তিনবার ‘বিসমিল্লাহ’ বল এবং সাতবার বল: আমি মহান ক্ষমতাশীল আল্লাহর কাছে অনিষ্ট ও ভয় থেকে আশ্রয় প্রার্থনা করছি। মুসলিম: ২/২৮০

প্রিয় ভাই ও বোনেরা! প্রতিটি (আল্লাহ ও রাসূলের নিষিদ্ধ কাজ ব্যতীত) কাজের শুরুতে ‘বিসমিল্লাহ’ পাঠ করার অভ্যাস আমাদের গড়ে তুলতে হবে।

হে আল্লাহ, আপনার রহমত ও দয়া আমাদের উপর বর্ষণ করুন। কোরআন ও সুন্নাহ নির্দেশিত পথে আমাদের পরিচালিত করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমা তুল্লাহি ওয়াবারাকাতুহা।